আলমডাঙ্গায় বড়ভাইকে হত্যার আসামি ছোট ভাই আটক

আলমডাঙ্গার খোরদ গ্রামে জমি নিয়ে বিরোধের জেরে বড় ভাইকে শাবলের আঘাতে হত্যা মামলার আসামি ছোট ভাই তরিকুল ইসলামকে পুলিশ গ্রেফতার করেছে। ১৩ ডিসেম্বর রোববার বিকেলে সাড়ে ৪টার দিকে বড় ভাই শাহাবুল ইসলাম বাড়ির পাশে পানবরজে কাজ করতে গেলে ছোট ভাই তরিকুল ইসলাম তাকে শাবল দিয়ে মাথায় আঘাত করে।

স্থানিয়রা তাকে আহত অবস্থায় উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ও পরে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে ভর্তি করে। এ ঘটনায় মৃতের বড় ছেলে সোহান হোসেন বাদি হয়ে শুক্রবার রাতে আলমডাঙ্গা থানায় হত্যা মামলা দায়ের করেছে।

জানা যায়, গত রবিবার সকালে আলমডাঙ্গা উপজেলার ভাংবাড়িয়া ইউনিয়নের খোরদ গ্রামের মসজিদ পাড়ায় শরিকানা জমি ভাগাভাগি নিয়ে আব্দুল লতিফের ২ ছেলে শাহাবুল ইসলাম ও তার ছোট ভাই তরিকুল ইসলামের বিরোধের সৃষ্টি হয়। ওই দিন বিকেল ৪ টার দিকে শাহাবুল ইসলাম বাড়ির পাশের পানবরজে কাজ করতে যায়। সে সময় ছোট ভাই তরিকুল ইসলাম গিয়ে তাকে শাবল দিয়ে মাথায় আঘত করে রক্তাক্ত জখম করে। স্থানীয়রা তাকে আহত অবস্থায় উদ্ধার করে প্রথমে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে।

পরে চিকিৎসকরা তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। সেখনে চিকিত্যসাধীন অবস্থায় গত বুধবার রাতে তার মৃত্যু হয়। গত বৃহস্পতিবার সন্ধ্যার দিকে লাশ গ্রামে নিয়ে আসা হয়। রাত সাড়ে ৮ টার দিকে জানাজা শেষে গ্রামের গোরস্থানে দাফন করা হয়েছে।

এদিকে, মামলা দায়েরের পর ওই রাতেই আলমডাঙ্গা থানার এস আই আমিনুল ইসলামের নেতৃত্বে সঙ্গীয় ফোর্স অভিযুক্ত ছোট ভাই তরিকুল ইসলামকে গ্রেফতার করেছে। আজ রবিবার তাকে সংশ্লিষ্ট মামলায় আদালতে উপস্থিত করা হবে।

পরের বউ ভাগালেন কথিত সাংবাদিক শরিফুল

আলমডাঙ্গায় কথিত সাংবাদিক পরিচয়ে হারদি ইউনিয়নের শরিফুল ইসলাম আবারো পরকীয়া প্রেমিকার হাত ধরে অজানার উদ্দেশ্যে পাড়ি জমিয়েছে।

আলমডাঙ্গা উপজেলার হারদি ইউনিয়নের ওসমানপুর গ্রামের মুন্তাজ মেম্বারের ছেলে শরিফুল ইসলাম। সে চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত দৈনিক স্থানীয় পত্রিকায় হারদি ইউনিয়ন প্রতিনিধি হিসাবে কাজ করে।

এক বছর পূর্বে আরজুল্লাহর মেয়ে লাবণী খাতুনের সাথে শরিফুলের পোল্ট্রি খামারে রাতে অনৈতিক কাজের সময় স্থানীয়রা হাতে নাতে আটক করে শরিফুলকে। পরে স্থানীয় ফাঁড়ি পুলিশের হাতে তুলে দেয় এলাকাবাসী। এরপর এলাকার নেতাকর্মীদের মধ্যস্ততায় ২ লক্ষ টাকায় দেনমহরে বিবাহ বন্ধনে আবদ্ধ হয় শরিফুল ও লাবণী।

একই এলাকার ওসমানপুর গ্রামের মহাসিন ওরফে গেঁজার মেয়ে ঝর্ণা খাতুনের গত ৫ মাস পূর্বে কুষ্টিয়া মিরপুর থানার মালিহাদ ইউনিয়নের মালিহাদ গ্রামের হযরত আলীর ছেলে লাল চাঁদের সাথে ১ লক্ষ টাকা দেন মহরে পারিবারিক ভাবে বিবাহ হয়। আবারো শরিফুল বিবাহের ১ বছর যেতে না যেতেই ঝর্ণা খাতুনের সাথে পরকীয়া প্রেমে হাবুডুবু খায়।

গত কয়েকদিন পূর্বে ঝর্ণা তার বাবার বাড়ি ওসমানপুরে বেড়াতে আসে। তার সাথে শরিফুলের পরকীয়া প্রেমের জের ধরে গতকাল শনিবার সকাল ১১ টার দিকে ঝর্ণাকে ফুসলিয়ে অজানার উদ্দেশ্যে পাড়ি জমিয়েছে বলে এলাকাবাসী অভিযোগ তুলেছে। শরিফুলের এই কুকর্ম নিয়ে ওসমানপুর গ্রামের চায়ের দোকানে ও পাড়া মহল্লায় সমালোচনার ঝড় ওঠেছে।

এলাকাবাসী দাবি করেন, বর্তমানে শরিফুলের পিতা হারদি ইউনিয়ন পরিষদের ওসমানপুর গ্রাম মেম্বার। জনপ্রতিনিধির ছেলে বিভিন্ন সময় অপকর্মের সাথে লিপ্ত থাকায় এলাকাবাসী মিশ্র প্রতিক্রিয়া জানান।

কালীগঞ্জে জমি নিয়ে দু’পক্ষের সংঘর্ষে নারীসহ আহত ১৫

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার ভোলপাড়া গ্রামে জমি নিয়ে বিরোধের জের ধরে দু’পক্ষের সংঘর্ষে নারীসহ অন্তত ১৫ জন আহত হয়েছেন। গতকাল শনিবার দুপুরে এ ঘটনা ঘটে।

আহতরা হলেন, শহর আলী, আলী হোসেন, শওকত আলী, মসলেম উদ্দিন, জিয়া হোসেন, রুমা খাতুন, শাহাবুর রহমান, ইয়াসিন আলী, কাদের আলী, তুহিন হোসেন, ইদ্রিস আলী, ঝুমুর মোল্লা, আলী আহম্মদ, পলাশ মোল্লা।

আহতরা ঝিনাইদহ সদর হাসপাতাল ও কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, দীর্ঘদিন ধরে ভোলপাড়া গ্রামে শহর আলী ও কাদের আলীর মধ্যে জমি নিয়ে বিরোধ চলছিল। এ নিয়ে ঝিনাইদহ আদালতে মামলাও চলমান। হঠাৎ শনিবার দুপুরে কাদের আলী লোকজন নিয়ে শহর আলীর পৈতৃক সম্পত্তি দখল করতে যায়। এ সময় দু’পক্ষের মধ্যে সংঘর্ষ বেঁধে যায়।

কালীগঞ্জ থানার ওসি মোঃ মাহফুজুর রহমান মিয়া জানান, তুচ্ছ ঘটনায় সংঘর্ষটি ঘটেছে। বর্তমানে পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে। কেউ অভিযোগ দিলে অবশ্যই ব্যবস্থা নিবো।

মেহেরপুরের বারাদিতে শীতের কাপড় কেনার হিড়িক

দিনদিন শীতের প্রকোপ বাড়ছে। সেই সাথে গরম পোষাক কেনার হিড়িক পড়েছে। গত কয়েকদিন যাবত শীতের তীব্রতা কিছুটা বাড়ার সাথে সাথে শীতের হাত থেকে রক্ষা পেতে ফুটপাতের ভাসমান কাপড়ের দোকানগুলোতে ভীড় জমাচ্ছেন সাধারণ মানুষ।

মেহেরপুর সদর উপজেলার বারাদি হাটে বিভিন্ন দোকানে ও রাস্তার পাশে ভাসমান রেডিমেট এসব দোকানির হাকডাকে জমে উঠেছে বিকিকিনির উৎসব।

লক্ষ্য করা গেছে, ফুটপাতের দোকানগুলোতে সস্তায় বিভিন্ন ধরনের গরম কাপড় বিক্রি করা হচ্ছে। মোটা গেঞ্জি, সোয়েটার, হাতা ও পা মোজা, টুপি, উলের চাদর, কম্বল ইত্যাদি কেনাবেচা হচ্ছে। ছোট বড় সব ধরণের শীতের পোষাক পাওয়া যাচ্ছে এসব দোকানে। সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার নাগালে পছন্দের গরম কাপড় কিনতে বিভিন্ন শ্রেণি পেশার শতশত নারী পুরুষ ভীড় জমাচ্ছেন এখানে। দেখা গেছে, ১৫০ থেকে ৩০০ টাকার মধ্যে (সাইজ অনুযায়ী) কাপড়ের জ্যাকেট ও মোটা সোয়েটার বিক্রি করা হচ্ছে। প্রায় শতাধিক ভাসমান দোকান রয়েছে এখানে।

বেশ কয়েকজন ক্রেতা বলেন, এখানে কমদামে শীতের জামা কাপড় পাওয়া যাচ্ছে। শীতের প্রায় সবধরণের পোষাকই এখানে আছে। কিছুটা কমদামে পছন্দের এসব গরম কাপড় কিনতে পেরে তারা আনন্দ প্রকাশ করেন।

ভাসমান কয়েকজন দোকানি বলেন, তারা ঢাকার বিভিন্ন পাইকারি মার্কেট থেকে শীতের জামা কাপড় কালেকশন করেন। কিছুটা কমদামে ভালমানের এসব শীতের পোষাক বিক্রি করতে পারছেন তারা। প্রতিদিনই তারা নিত্য নতুন শীতের বিভিন্ন গরম কাপড় কালেকশন করছেন।

শীতের প্রকোপ বাড়ায় তাদের পোষাক বিক্রির ব্যস্ততা বেড়েছে। খোঁজ খবর নিয়ে জানা যায়, বারাদি বাজার ও এর আশপাশ ছাড়াও উপজেলার বিভিন্ন হাট, বাজার ও জনসমাগম এলাকায় শতশত ভাসমান এসব দোকানে শীতের গরম পোষাক কিনতে বিভিন্ন শ্রেণি পেশার মানুষ ভীড় জমাচ্ছেন।

কালীগঞ্জে শীতবস্ত্র বিতরণ

ঝিনাইদহের কালীগঞ্জে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ভিত্তিক ওয়াও-অচোম গ্রুপের পক্ষ থেকে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। গতকাল শনিবার বিকেলে কালীগঞ্জ উপজেলার বিভিন্ন এতিম খানায় এই শীতবস্ত্র বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন সাংবাদিক শিপলু জামান, কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন মাস্টার শেখ মামুনুর রশিদ, জাকারিয়া হোসেন, আবেদ আলী, লেন্সার উদ্দীন লিখন, নিয়ামুল কবির, সাংবাদিক আশিকুর রহমান সোহাগ, মাজেদুল হক, ফারদিন সৌরিভ, মেহফুজ পারভেজ, এমএম সুমন প্রমুখ।

উল্লেখ্য, ফেসবুকভিত্তিক ওয়াও-অচোম গ্রুপটি ইতিমধ্যে সামাজিক কাজ করে মানুষের প্রশংসা কুড়িয়েছে। ভবিষ্যতেও তারা বিভিন্ন সামাজিক ও মানবিক কাজ করে মানুষের পাশে থাকতে চাই।

কুষ্টিয়ার মিরপুরে কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা

কুষ্টিয়ার মিরপুর উপজেলার পোড়াদহে কমলা-হারুন মেধাবৃত্তি সংগঠন আয়োজিত বৃত্তিপ্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা, ল্যাপটপ ও ক্রেস্ট প্রদান করা হয়।

গতকাল শনিবার সকালে মেগাটেক ফাউন্ডেশনের চেয়ারম্যান সোনিয়া সুলতানার সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের অতিরিক্ত সচিব একেএম টিপু সুলতান, বিশেষ অতিথি ছিলেন কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা জোবায়ের হোসেন চৌধুরী ও মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা লিংকন বিশ্বাস।

প্রধান অতিথির বক্তব্যে অতিরিক্ত সচিব টিপু সুলতান বলেন, শিক্ষা জাতির মেরুদণ্ড। তাই শিক্ষার বিকল্প নেই। যে জাতি যত শিক্ষিত, সে জাতি তত উন্নত। শিক্ষা ও জ্ঞান অর্জনের মাধ্যমে আলোকিত মানুষ ও সমাজ গড়তে হবে। দেশের অগ্রগতি-উন্নয়ন ত¦রান্বিত ও সুখী-সমৃদ্ধ সোনার বাংলাদেশ গড়তে সকলকে ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসতে হবে।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, আইলচারা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রবিউল ইসলাম, পোড়াদহ মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক কামরুন নাহার, সাবেক ইউপি চেয়ারম্যান মোতালেব

হোসেন, মেগাটেক ফাউন্ডেশনের সমন্বয়কারী হাফিজুর রহমান প্রমুখ।

সভা শেষে বৃত্তিপ্রাপ্ত মাধ্যমিক স্তরের এক ছাত্র ও প্রাথমিক স্তরের এক ছাত্রকে দুটি ল্যাপটপ ও অংশগ্রহণকারী অপর ৩০ জন শিক্ষার্থীকে ক্রেস্ট প্রদান করা হয়।

বিপ্লবী বাঘাযতীনের ভাস্কর্য ভাঙচুরের প্রতিবাদে হরিণাকুণ্ডুতে মানববন্ধন

কুষ্টিয়ার কুমারখালীতে ব্রিটিশ বিরোধী আন্দোলনে সশস্ত্র দলের প্রধান বিপ্লবী বাঘাযতীনের ভাস্কর্য ভাঙচুরের প্রতিবাদে ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে মানববন্ধন করেছে বিপ্লবী বাঘাযতীন একাডেমি। গতকাল শনিবার সকালে হরিনাকুণ্ডু শহরের দোয়েল চত্তর মোড়ে এই মানববন্ধন কর্মসূচী পালিত হয়।

মানববন্ধন কর্মসূচীতে বক্তব্য রাখেন, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও ঝিনাইদহ সদরের পৌর মেয়র সাইদুল করিম মিন্টু, জেলা আওয়ামী লীগের উপ-দপ্তর সম্পাদক ও হরিণাকুণ্ডু উপজেলা পরিষদের চেয়ারমান জাহাঙ্গীর হোসাইন, বিপ্লবী বাঘা যতীন একাডেমির সাধারণ সম্পাদক ও

জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক সরোয়ার জাহান বাদশা, ইউপি চেয়ারম্যান ফজলুর রহমান, ভাইস চেয়ারমান শহিদুল ইসলাম শিলু, হরিণাকুণ্ডু পৌর আওয়ামী লীগ সভাপতি খাইরুল ইসলাম, সাধারণ সম্পাদক ফারুক হোসেন, প্রধান শিক্ষক শহিদুল ইসলাম প্রমুখ।

মানববন্ধনে বক্তারা অবিলম্বে বিপ্লবী বাঘাযতীনের ভাস্কর্য ভাঙচুরকারীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

আলমডাঙ্গায় নয়ন হত্যা আসামির ফাঁসির দাবিতে মানববন্ধন

আলমডাঙ্গার জামজামি বাজারে মানববন্ধন করেছে ইবির ফকিরপাড়া গ্রামবাসী। ফকিরপাড়া গ্রামের নয়ন হত্যার প্রতিবাদে এ মানববন্ধন কর্মসূচী পালন করা হয়।

মনোহরদি ইউনিয়ন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক আব্দুল হামিদের সভাপতিত্বে মানববন্ধনে উপস্থিত ছিলেন ফকির পাড়া সাবেক মেম্বার মোকাদ্দেস হোসেন নয়নের বাবা মিন্টু সাহা, জামজামি বাজারের ব্যবসায়ী আলিম ডাক্তার, আহসান, শরিফুল ইসলাম, জাহাঙ্গীর হোসেন, ডিস আলিম, সুমিত সাহা, মাসুদ রানা, সোহেল মাস্টার, ইব্রাহিম, রতন সাহা প্রমুখ।

সৌমিক সাহার সার্বিক সহযোগিতায় মানববন্ধনে অংশগ্রহণকারীরা আশরাফুলের খুব দ্রুত বিচার হোক এবং ফাঁসির কাষ্ঠে ঝুলানো হোক বলে দাবি জানান।
উল্লেখ্য, শুক্রবার দিবাগত রাতে ঝিনাইদহ জেলার হরিনাকুণ্ডু উপজেলার নারায়ণকান্দি গ্রাম থেকে চুয়াডাঙ্গা থানা পুলিশ আশরাফুলকে গ্রেফতার করে।

আলমডাঙ্গার জামজামি বাজারে পাটকাটি গাদায় আগুন

আলমডাঙ্গা জামজামি বাজারে পাটকাটি গাদায় আগুন লেগে আড়াই লাখ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে। গতকাল শনিবার দুপুরের দিকে এ দুর্ঘটনা ঘটে।

জানা গেছে, আলমডাঙ্গার জামজামি বাজারে ভোদুয়া গ্রামের রানা মৃধা পাটকাটির ব্যবসা করেন। গতকাল শনিবার দুপুরের দিকে ওই ব্যবসায়ীর পাটকাটি গাদায় আগুন ধরে যায়।

স্থানীয় জনগণ আলমডাঙ্গার ফায়ার সার্ভিসে সংবাদ দিলে ফায়ার সার্ভিস অফিসার শাহাজান খানের নেতৃত্বে ফায়ার কর্মী ও স্থানীয় জনগণের সহযোগিতায় প্রায় দু’ঘন্টা ধরে প্রচেষ্টা চালিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে।

পাটকাটি ব্যবসায়ী রানা মৃধা জানান, ৪ হাজার পন পাটকাটি পালা দেওয়া ছিল। যার মূল্য প্রায় আড়াই লাখ টাকা। হয়তো কেউ শত্রুতা মূলকভাবে আগুন ধরিয়ে দিতে পারে।

আলমডাঙ্গায় স্কুল ছাত্রীকে শ্লীনতাহানির অভিযোগ

আলমডাঙ্গার জোড়গাছা গ্রামে ৪র্থ শ্রেণীর ছাত্রীকে শ্লীনতাহানির অভিযোগ উঠেছে। গতকাল শনিবার রাতে স্কুল ছাত্রীর পিতা বাদি হয়ে আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ করেন।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার নাগদাহ ইউনিয়নের জোড়গাছা গ্রামের নাছের আলির মেয়ে জোড়গাছা প্রাথমিক বিদ্যালয়ের ৪র্থ শ্রেণীর স্কুল ছাত্রী।

গত বৃহস্পতিবার বেলা ১২ টার দিকে পিতা মাতা বাড়ির বাইরে যাই। এ সুযোগে একই গ্রামের ওমর আলির ছেলে মহাবুল হক (৪৫) স্কুল ছাত্রী কে বাড়ি থেকে হাত ধরে টেনে রসুলের বাঁশ ঝাড়ের মধ্যে নিয়ে যায় ও যৌন হয়রানির চেষ্টা করে।

এ সময় তার চিৎকারে এলাকাবাসী ছুটে আসলে মহাবুল হক পালিয়ে যায়।